

# ইবিতে ছাত্রদল কমিটি নিয়ে গুঞ্জন

ত্যাগীদের মূল্যায়নের দাবি

ইবি প্রতিনিধি

৩০ এপ্রিল ২০২৬, ১২:০০ এএম



ইসলামী বিশ্ববিদ্যালয় (ইবি) শাখা ছাত্রদলের কমিটি পুনর্গঠন নিয়ে নতুন করে আলোচনা শুরু হয়েছে। দীর্ঘ প্রায় পাঁচ বছর ধরে আহ্বায়ক কমিটি দিয়েই কার্যক্রম চলায় সংগঠনের ভেতরে ক্ষোভ ও স্ববিরতা তৈরি হয়েছে বলে অভিযোগ উঠেছে।

এ প্রেক্ষাপটে শাখা ছাত্রদলের সিনিয়র যুগ্ম আহ্বায়ক আনোয়ার পারভেজ দুর্দিনের সহযোদ্ধাদের মূল্যায়নের দাবি জানিয়েছেন। গত মঙ্গলবার রাতে নিজের ফেসবুক স্ট্যাটাসে তিনি বলেন, আন্দোলন-সংগ্রামে ভূমিকা, ডেডিকেশন,

শিক্ষার্থীদের কাছে গ্রহণযোগ্যতা, পরিচ্ছন্ন ভাবমূর্তি ও কর্মীবান্ধব মনোভাব- এসবই নেতৃত্ব নির্ধারণের প্রধান মাপকাঠি হওয়া উচিত।

স্ট্যুটােসে তিনি অভিযোগ করেন, গত ২০২১ সালের ১৬ জুন গঠিত ৩১ সদস্যের আহ্বায়ক কমিটির বড় একটি অংশ দীর্ঘদিন নিষ্ক্রিয় ছিল। তবে দুর্দিনে অল্পসংখ্যক নেতাকর্মী রাজপথে সক্রিয় ছিলেন। পরবর্তীতে সক্রিয়তার সংখ্যা কিছুটা বাড়লেও এখনও পূর্ণাঙ্গ কমিটি না হওয়ায় সংগঠনের কার্যক্রমে গতি আসেনি। তিনি আরও বলেন, দেশের অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয়ে ইতোমধ্যে নতুন কমিটি গঠন বা পূর্ণাঙ্গ করা হলেও ইবিতে তা হয়নি। এতে নেতাকর্মীদের মধ্যে প্রতিযোগিতা ও হতাশা তৈরি হয়েছে, কমেছে সাংগঠনিক দায়বদ্ধতা।

উল্লেখ্য, তিন মাস মেয়াদী বর্তমান আহ্বায়ক কমিটি চার বছর পার হয়েছে।